

Australian Centre for  
**Disability Law**

Bengali | বাংলা



আপনার লক্ষ্য

# স্কুলে আপনার প্রয়োজনীয় সাহায্যটি পাওয়া



[www.disabilitylaw.org.au](http://www.disabilitylaw.org.au)

# বিষয়বস্তু

এই টুলকিট সম্পর্কে	2
আপনার লক্ষ্য	3
আপনার লক্ষ্য অন্যকে জানান	6
সহায়ক সরঞ্জাম	7

তথ্য, যোগাযোগ এবং ক্যাপাসিটি বিল্ডিং (ILC) প্রোগ্রামের অংশ হিসাবে এই তথ্যটি অস্ট্রেলিয়ান সরকারের ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিস দ্বারা অর্থায়িত।


CID এই নথিটি সহজ পাঠ্য করেছে।

এগুলোর মধ্যে থেকে কোন ছবি ব্যবহার করতে চাইলে আপনাকে **CID** কে জিজ্ঞাসা করতে হবে।

CID এর সাথে যোগাযোগ করুন [business@cid.org.au](mailto:business@cid.org.au) তে।

# পার্ট ১

## আপনার লক্ষ্য



## এই টুলকিট সম্পর্কে



এই টুলকিটটি অস্ট্রেলিয়ান সেন্টার ফর ডিসেবিলিটি ল থেকে নেয়া।

একটি **টুলকিট** আপনাকে এমন জিনিস সম্পর্কে ধারণা দেয় যা আপনার জানা বা করা উচিত।




এই টুলকিট এমন শিক্ষার্থীদের জন্য যারা NSW এর মূলধারার স্কুলে যায়।



এছাড়াও এটা তাদের জন্য


- যারা TAFE, বিশ্ববিদ্যালয় বা অন্যান্য জায়গায় শেখার উদ্দেশ্যে যায়
- পরিবার এবং পরিচর্যাকারী



টুলকিটটি আপনাকে শেখার জন্য প্রয়োজনীয় সহায়তা পেতে আপনার স্কুলের সাথে কীভাবে কথা বলতে হবে তা জানতে সাহায্য করবে।

এই টুলকিটে 6টি অংশ রয়েছে।

## আপনার লক্ষ্য



জীবনে লক্ষ্য থাকা ভালো।



একটি **লক্ষ্য** হচ্ছে যা আপনি আশা করেন বা পেতে চান।



কখনও কখনও লক্ষ্যে পৌঁছানোর জন্য আপনাকে কঠোর পরিশ্রম করতে হবে।



এখানে কিছু জিনিস রয়েছে যা আপনাকে আপনার লক্ষ্য সম্পর্কে চিন্তা করতে সাহায্য করবে।



আপনি কিসে ভাল সে সম্পর্কে চিন্তা করুন।



যে জিনিসগুলো আপনাকে শিখতে সাহায্য করে সেগুলো নিয়ে ভাবুন।



আপনার শিক্ষাকে যা বাধাগ্রস্থ করে তা সম্পর্কে চিন্তা করুন।



স্কুলটিকে আরও কিভাবে আনন্দদায়ক করে তোলা যায় তা নিয়ে ভাবুন।



আপনার পরিবার বা পরিচর্যাকারী আপনাকে এই বিষয়গুলি নিয়ে চিন্তা করতে সাহায্য করতে পারেন।



স্কুলে আপনাকে কোন বিষয়গুলো ভালোভাবে শিখতে সাহায্য করবে সে বিষয়গুলো নিয়েও তারা ভাবতে পারেন।




আপনার শিক্ষকের সাথে আপনি আপনার লক্ষ্য শেয়ার করতে পারেন।

এটি তাদেরকে আপনার সম্পর্কে আরও ভালভাবে জানতে সাহায্য করবে।



তারা আপনাকে কিভাবে শিখতে সহায়তা করতে পারেন তা তাদের বুঝতে সাহায্য করবে।



লক্ষ্য তৈরির জন্য আপনি যে জিনিসগুলি সম্পর্কে চিন্তা করেছেন তা ব্যবহার করতে পারেন।

## আপনার লক্ষ্য অন্যকে জানান



আপনি আপনার শিক্ষকের সাথে যে কোন উপায়ে আপনার লক্ষ্য জানাতে পারেন।



আপনি এগুলি একটি বই বা চিঠিতে লিখে দিতে পারেন।



আপনি একটি ভিডিও বা ভয়েস রেকর্ডিং তৈরি করতে পারেন।



আপনার সম্পর্কে আপনার শিক্ষকের ভালভাবে জেনে রাখা ভাল।



এর মানে তারা আপনাকে এমনভাবে শিখতে সাহায্য করতে পারবেন যা আপনার জন্য সঠিক।




## সহায়ক সরঞ্জাম




কোন কোন ওয়েবসাইট পড়া সহজ নয়।

আপনি একজন সহায়তাকারীর সাহায্য চাইতে পারেন।




এই চিঠিগুলি আপনার পিতামাতার জন্য সহায়ক হতে পারে

[www.thegrowingspace.com.au/tip-a-letter-to-my-childs-teacher-for-the-new-school-year](http://www.thegrowingspace.com.au/tip-a-letter-to-my-childs-teacher-for-the-new-school-year)



এই চিঠিটি আপনার সন্তান সম্পর্কে অন্যান্য শিক্ষার্থী এবং শিক্ষকদের আরও জানতে সাহায্য করতে পারে

[www.inkyed.files.wordpress.com/2009/04/mac2det.pdf](http://www.inkyed.files.wordpress.com/2009/04/mac2det.pdf)



এই ওয়েবসাইটের পয়েন্ট 4 আপনাকে লক্ষ্য নির্ধারণ করতে সাহায্য করতে পারে

[www.allmeansall.org.au/for-parents](http://www.allmeansall.org.au/for-parents)



এই ভিডিওতে অন্তর্ভুক্তি সম্পর্কে কিছু তথ্য রয়েছে

[www.family-advocacy.com/ordinary-lives/school-years](http://www.family-advocacy.com/ordinary-lives/school-years)



এই পুস্তিকাটিতে অন্তর্ভুক্তি সম্পর্কে কিছু তথ্য রয়েছে

[www.family-advocacy.com/assets/ce93bc49e3/all-students-learning-together-booklet.pdf](http://www.family-advocacy.com/assets/ce93bc49e3/all-students-learning-together-booklet.pdf)